**---ন্যাশনাল সেমিকন্ডাক্টর সিম্পোজিয়াম অ্যান্ড বিইএআর সামিট ২০২৬-এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী, নতুন বায়োটেক পার্ক নির্মাণের পরিকল্পনা----**




বিদেশি ও দেশীয় বিনিয়োগ আকর্ষণে বন্ডেড সুবিধা এবং বিশেষায়িত অবকাঠামো গড়ে তোলার উদ্যোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেছেন, বিদ্যমান হাইটেক পার্কগুলোর আধুনিকায়নের পাশাপাশি সরকারের নতুন একটি বায়োটেক পার্ক নির্মাণের পরিকল্পনা রয়েছে।

তিনি বলেন, তৈরি পোশাক শিল্পের পর সেমিকন্ডাক্টর শিল্পই বাংলাদেশের পরবর্তী সম্ভাবনাময় অর্থনৈতিক খাত হিসেবে আত্মপ্রকাশ করতে পারে।

শনিবার রাজধানীর নভোথিয়েটারে আয়োজিত 'ন্যাশনাল সেমিকন্ডাক্টর সিম্পোজিয়াম অ্যান্ড বিইএআর সামিট ২০২৬'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

সামিটে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) অংশগ্রহণ করে। এ সময় এনআইবির মহাপরিচালক প্রতিষ্ঠানের উদ্ভাবিত পণ্য, চলমান গবেষণা কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। পাশাপাশি তিনি এনআইবির প্রস্তাবিত বায়োটেক পার্কের সংক্ষিপ্ত রূপরেখাও উপস্থাপন করেন। প্রধানমন্ত্রী এনআইবির গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।



বাংলাদেশকে বৈশ্বিক সেমিকন্ডাক্টর ও ডিপ-টেক উদ্ভাবনের অন্যতম কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে দুই দিনব্যাপী 'ন্যাশনাল সেমিকন্ডাক্টর সিম্পোজিয়াম অ্যান্ড বিইএআর সামিট ২০২৬' আয়োজন করা হয়েছে। এ আয়োজনের যৌথ উদ্যোগে রয়েছে সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং সিলিকন রিভার বাংলাদেশ।